

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার  
\*\*\*\*\*

স-৪০৫২  
জিরানীয়া, ০৬ ডিসেম্বর, ২০২৩

**জল জীবন মিশন**  
**জিরানীয়া মহকুমায় ২৫,৩৭৮টি বাড়িতে পানীয়জলের সংযোগ**

জল জীবন মিশনে জিরানীয়া মহকুমায় এখন পর্যন্ত ২৫ হাজার ৩৭৮টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। মহকুমার পুরাতন আগরতলা ব্লকে ১০,০৫৫ টি, বেলবাড়ি ব্লকে ৬,২৩৫টি ও জিরানীয়া ব্লকে ৯,০৮৪টি বাড়িতে পাইপ লাইনে পানীয়জলের সংযোগ দেওয়া হয়েছে। তাছাড়াও জল জীবন মিশনে পানীয়জলের উৎস নির্মাণে জিরানীয়া মহকুমার পুরাতন আগরতলা ব্লকে ৫৯টি গভীর নলকূপ, ৯টি আয়রন রিমুভ্যাল প্ল্যান্ট ও ৭২টি স্মল বোর খনন করা হয়েছে। বেলবাড়ি ব্লকে ৪০টি গভীর নলকূপ, ১১টি আয়রন রিমুভ্যাল প্ল্যান্ট ও ১০০টি স্মল বোর খনন করা হয়েছে। জিরানীয়া ব্লকে ৫২টি গভীর নলকূপ, ১৩টি আয়রন রিমুভ্যাল প্ল্যান্ট ও ৮৫টি স্মল বোর খনন করা হয়েছে। জিরানীয়া পানীয়জল ও স্বাস্থ্য বিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*